



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
এন্টি টেররিজম ইউনিট  
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।  
[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



পিআর ৭৮/২১

তারিখ: ০২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
১৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

### প্রেস বিজ্ঞপ্তি


বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর ০২ সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে গত ১৬ সেপ্টেম্বর ২০২১ খ্রি: তারিখ ১৫.১০ ঘটিকার সময় ময়মনসিংহ জেলার মুন্সীগাছা থানাধীন চেচুয়া বাজারস্থ কালীবাড়ি মসজিদ এলাকায় অভিযান পরিচালনা করে 'আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি)' এর ০২ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যরা হলো- ১। মো: কাওসার আহম্মেদ @ মিলন (৩০), পিতা- আব্দুল মজিদ, মাতা- ছকিনা খাতুন, গ্রাম- বকচর ২। জাহিদ মোস্তফা (২০), পিতা- মোস্তফা মোফাজ্জল হক শরীফুল, মাতা- নুরুন্নাহার আক্তার লাজনীন, গ্রাম- চন্ডীমন্ড, উভয়ের থানা- মুন্সীগাছা, জেলা- ময়মনসিংহ। গ্রেফতারকৃত কাওসার আহম্মেদ ঢাকার বিভিন্ন স্থান থেকে 'আনসারুল্লাহ বাংলা টিম' এর মতাদর্শ প্রচারকারী বই সংগ্রহ করে বিক্রি ও সরবরাহের কাজে নয় বছর ধরে জড়িত। গ্রেফতারকৃত অপর আসামী জাহিদ মোস্তফা তাকে এই কাজে দুই বছর ধরে সহযোগিতা করে আসছিলো। আসামীদ্বয় চেচুয়া বাজারে বইয়ের দোকানের আড়ালে একাধিক ফেইক ফেসবুক আইডি ব্যবহার করে সারা দেশে এবিটি সদস্যদের কাছে উগ্র মতাদর্শের বই বিক্রি করে আসছিলো।

গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তাদের নিকট থেকে ০২ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন, ০৪ টি সীম কার্ড, ০৭ টি উগ্রপন্থী বইয়ের সফট কপি ও প্রিন্টেড হার্ড কপি জব্দ করেছে। এসব বইয়ের মধ্যে আল বালাগ, তিতুমীর মিডিয়া, সাহম আল হিন্দ মিডিয়া, জসীমউদ্দিন রহমানী ও আনোয়ার আল আওলাকীর বই রয়েছে। এছাড়া ফেসবুক ও মেসেঞ্জার থেকে তাদের সংগঠনের উগ্রবাদী কার্যক্রম ও বই বিক্রি সংক্রান্ত ৩৪ পাতা স্ক্রিনশট জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ কাওসার আহম্মেদ ও জাহিদ মোস্তফা দীর্ঘদিন যাবত অনলাইন যোগাযোগ মাধ্যম ব্যবহার করে আল-রিহাব পাবলিকেশন ও অনলাইনে আশ শাবাব প্রকাশনী হতে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম' এর প্রধান মুফতী জসীমউদ্দিন রাহমানি সহ অন্যান্য উগ্রবাদী লেখকের উগ্রপন্থী বই অনলাইনে বিভিন্ন ক্রেতার কাছে বিক্রি করে সরকার ও রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা, গোপনে অনলাইন এবং অফলাইনে উগ্রবাদী ও জিহাদী বই বিক্রির ও জিহাদে উদ্বুদ্ধকরণ ভিডিও শেয়ারের মাধ্যমে নিষিদ্ধ ঘোষিত সংগঠন 'আনসারুল্লাহ বাংলা টিম' এর কার্যক্রম পরিচালনা ও খিলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে আরো অজ্ঞাতনামা ২/৩ জনকে নিয়ে আলোচনা ও প্রস্তুতি গ্রহণ করছিল।

বাংলাদেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার উদ্দেশ্যে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের সদস্য পদ গ্রহণ, সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, সহায়তা এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় আসামীদ্বয়ের বিরুদ্ধে মুন্সীগাছা থানার মামলা নং-০৬, তারিখ- ১৬/০৯/২০২১ খ্রি:, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারা রুজু করা হয়েছে।

  
১৭/০৯/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: [atu.spma@police.gov.bd](mailto:atu.spma@police.gov.bd)